# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির প্রতি নির্দেশ হলো তিনি যেন বাড়িতে আদায় করার জন্য সালাতের একটা অংশ রেখে দেন

ذِكْرُ الْأَمْرِ لِلْمَرْءِ أَنْ يَجْعَلَ نَصِيبًا مِنْ صلاته لِبَيْتِهِ

আরবী

2481 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قال: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَازِمٍ حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ أَبِي سُفْيَانَ عَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا قَضَى أَحَدُكُمُ الصَّلَاةَ فِي مَسْجِدِهِ فَلْيَجْعَلْ لِبَيْتِهِ نَصِيبًا فَإِنَّ اللَّهَ جاعلٌ فِي بَيْتِهِ مِنْ صَلَاتِهِ خيراً)

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2481 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (1392).

বাংলা

২৪৮১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ মাসজিদে সালাত আদায় করে, তখন সে যেন তার বাড়ির জন্য একটা অংশ রেখে দেয়। কেননা বাড়িতে সালাত আদায় করার কারণে মহান আল্লাহ বাড়িতে কল্যাণ দিবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩১৬; সহীহ মুসলিম: ৭৭৮; সুনান বাইহাকী: ২/১৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১২০৬; ইবনু মাজাহ: ১৩৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৩৯২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91807

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন